

া আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৬৬৫

দোয়া-দুরুদ

পরিচ্ছেদঃ ২৮৬- যে লোক আল্লাহর নিকট চায় না, আল্লাহ তার উপর অসম্ভুষ্ট হন।

আরবী

دَّثَنَا عَبْدُ اللَّهِ ، قَالَ : حَدَّثَنَا أَبُو دَاؤُدَ ، قَالَ : حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الزِّنَادِ ، عَنْ أَبِيهِ ، عَنْ أَبَانَ بْنِ عُتْمَانَ ، قَالَ : سَمِعْتُ عُتْمَانَ ، قَالَ : سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، يَقُولُ : " مَنْ قَالَ صَبَاحَ كُلِّ يَوْمٍ ، وَمَسَاءَ كُلِّ لَيْلَةٍ ، ثَلاثًا ثَلاثًا : بِسْمِ اللَّهِ الَّذِي لا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الأَرْضِ وَلا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ، لَمْ يَضُرَّهُ شَيْءٌ ، وَكَانَ أَصَابَهُ طَرَفٌ مِنَ الْفَالِجِ ، فَجَعَلَ يَنْظُرُ إِلَيْهِ ، فَفَطِنَ لَهُ ، فَقَالَ : إِنَّ الْحَدِيثَ كَمَا حَدَّثَتُكَ ، وَلَكِنِي لَمْ أَقُلُهُ ذَلِكَ الْيَوْمَ ، لِيَمْضِيَ قَدَرُ اللَّهِ

বাংলা

৬৬৫। উসমান (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি প্রতিদিন সকাল-বিকাল নিম্নোক্ত দোয়া তিনবার করে পড়বে, কোন কিছুই তার ক্ষতি করতে পারবে নাঃ "আল্লাহর নামে যার নামের বরকতে আসমান-জমিনের কিছুই ক্ষতি করতে পারে না এবং তিনি সবকিছু শুনেন ও জানেন"। হাদীসের রাবী আবান (রহঃ) পক্ষাঘাতগ্রস্থ ছিলেন। তাই রাবী আবু যিনাদ (রহঃ) তার দিকে তাকাতে থাকলেন। আবান (রহঃ) তা টের পেয়ে বলেন, হাদীস তো যথাস্থানে ঠিকই আছে, যা আমি তোমাদের নিকট বর্ণনা করলাম। কিন্তু যেদিন আমি পক্ষাঘাতগ্রস্থ হই সেদিন তা পড়িনি। তাই আল্লাহর লিখন (তাকদীর) কার্যকর হয়েছে (আবু দাউদ, তিরমিয়ী, নাসাঈ, ইবনে মাজাহ, ইবনে হিব্রান)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন